


ইউরিয়া সার ব্যবস্থাপনায় লিফ কালার চার্ট

লিফ কালার চার্ট (এলসিসি) পরাস্টিকের তৈরি চার কোঠা বিশিষ্ট একটি সবুজ রঙের স্কেল (চিত্র ৪)। এলসিসি-র সাথে ধান গাছের পাতার রঙ মিলিয়ে সঠিক সময়ে ও সঠিক পরিমাণে ইউরিয়া প্রয়োগ করা যায়। ফলে ইউরিয়া সারের খরচ কমানো, অপচয় রোধ এবং কার্যকারিতা বৃদ্ধি পায়।

এলসিসি ব্যবহারের নিয়ম : ধান গাছের সবচেয়ে উপরের পুরোপুরি বের হওয়া কচি পাতার মাঝামাঝি অংশ এলসিসি-র প্রতিটি কোঠার উপর স্থাপন করে এলসিসি-র সাথে পাতার রঙের গাঢ়ত্ব তুলনা করতে হবে। পাতার রঙ এলসিসি-র যে কোঠায় নম্বরের সাথে মিলে যাবে তার মানই হবে পাতার এলসিসি মান। যদি পাতার রঙ এলসিসি-র পাশাপাশি দুটি রঙের মাঝামাঝি হয়, তাহলে উক্ত দুটি নম্বরের গড় মানই হবে পাতার এলসিসি মান। রোপা ধানের জন্য এলসিসি-র ক্রিটিক্যাল (সংকট) মান ৩.৫ এবং বোনা ধানের জন্য ৩.০। এলসিসি ব্যবহারের নিয়ম-কানুন সারণী ৭-এ দেখানো হয়েছে।

সতর্কতা : এলসিসি ব্যবহারে কিছু সতর্কতা অবলম্বন করতে হয়। এগুলো হচ্ছে—

- ▶ শুধু ইউরিয়া প্রয়োগের বেত্রেই এলসিসি ব্যবহার করা হয়। অন্যান্য সার অবশ্যই সুষম মাত্রায় ব্যবহার করতে হবে।
- ▶ ধানগাছ থেকে পাতা ছিঁড়ে এলসিসি-র মান নির্ণয় করা যাবে না।
- ▶ নির্বাচিত পাতাটি রোগ ও পোকামাকড়ের আক্রমণ মুক্ত হতে হবে।
- ▶ পাতার রঙ পরিমাপের সময় সূর্যের আলো এলসিসি-র উপর পড়লে মাপ সঠিক হবে না। শরীরের ছায়ায় রেখে এলসিসি দিয়ে ধানগাছের পাতার রঙ মাপতে হবে।
- ▶ সকাল ৯-১১ টা বা বিকাল ২-৪ টার মধ্যে এলসিসি দিয়ে পাতার রঙ মাপা ভালো।



লিফ কালার চার্ট (এলসিসি)।

[বিস্তারিত জানতে ফ্যাক্ট শীট দেখুন]